দৈনিক বাংলা

তারিখ .. 09 NOV 1992.. ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম .. ৮ ...

১৪

# মাদ্রাসা শিক্ষার্থীদের যথাযথ মূল্যায়ন করা হোক

বাংলাদেশে সরকারী স্কুল-কলেজের সংখ্যা প্রায় ৩৮ হাজার ১৯৮টি। সে তুলনায় সরকারী মাদ্রাসা মাত্র তিনটি। একটা মুসলিম প্রধান দেশে সরকারী মাদ্রাসার এ সংখ্যা ইসলামী শিক্ষার প্রতি কর্তৃপক্ষীয় অবহেলারই পরিচায়ক এবং তাই দুঃখজনক। বর্তমানে মাদ্রাসা সিলেবাসকে আধুনিকীকরণের নামে মাদ্রাসাঙ্গণ থেকে ইসলামী বিষয় কমিয়ে সাধারণ বৈষয়িক বিষয় বৃদ্ধি করা হয়েছে। এক্ষেত্রে মাদ্রাসা ছাত্ররা উভয় সিলেবাস পড়ছে। সরকারী স্বীকৃতি দেয়ার ব্যাপারে একই সিলেবাস পড়তে হবে এমন কোন যৌক্তিকতা নেই। যেমন অনার্স বা পাসকোর্সে ডিগ্রী বহু প্রকার আছে। অনার্সের এক সিলেবাসের সাথে অন্য সিলেবাসের মিল নেই। কিন্তু সব

(৫-এর কঃ দ্রঃ)

(৮-এর কঃ-এর পর)

শিক্ষার্থীরাই স্নাতক ডিগ্রী পাচ্ছে। তেমনি মাদ্রাসার ছাত্ররা তাদের জন্য নির্দিষ্ট সিলেবাসে পড়েই সমমান (Equivalent) পাবে এটাই যুক্তিযুক্ত।

সংশ্লিষ্ট শিক্ষা বিভাগীয় কর্তৃপক্ষের কাছে অনুরোধ রাখবো, মাদ্রাসা শিক্ষার্থীদের যথাযথ মূল্যায়ন করে তাদের ন্যায্য অধিকারের স্বীকৃতির ভিত্তিতে তাদের জন্য চাকরিসহ উচ্চ শিক্ষার সুযোগ সৃষ্টির কার্যকরী ব্যবস্থা যথাসত্বর গ্রহণ করা হোক।

— মোঃ আসাদউল্লাহ ভূঞা (কমল)
নন্দীপাড়া (মাদ্রাসা রোড)
বাসাবো, ঢাকা-১২১৪।